

**উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর পরিবেশ ও বন কমিটির এপ্রিল ২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ**


সভাপতিঃ আফরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা  
স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ  
তারিখঃ ২৫.০৪.২০২২ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা ।

**সভায় উপস্থিত বৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা বন কর্মকর্তা জনাব মোঃ মঞ্জুলুল হাসানকে অনুরোধ জানান। উপজেলা বন কর্মকর্তা সকলকে ধন্যবাদ জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠকরে শুনান এবং কোন সংশোধনি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর তিনি সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। অধ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত হয়।

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	(২) নারসারী স্থাপন	উপজেলা বনকর্মকর্তা সভায় বলেন যে, কলমাকান্দা উপজেলা একটি বৃহত্তম উপজেলা। তাই তিনি পরিবেশের ভারসাম্য রক্ষায় প্রতিটি ইউনিয়নে নারসারী স্থাপন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। কারণ নারসারী থাকলে সর্বসাধারণ বা গাছ প্রেমী মানুষ উক্ত নারসারী হতে গাছ সংগ্রহ করে লাভাতে পারবেন।	বিস্তারিত আলোচনান্তে প্রত্যেক ইউপি চেয়ারম্যান ব্যক্তিগত পর্যায়ে নারসারী করার জন্য জনসাধারণ কে উত্তোদ্ধ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
০২	নারসারীর প্রতি গুরুত্ব দেয়া	সভাপতি বলেন যে, বন কর্মকর্তার বক্তব্য সঠিক। প্রতিটি ইউনিয়নে বিভিন্ন প্রজাতির গাছের সমন্বয়ে একটি করে নারসারী তৈরী করলে জনগণ উপকৃত হবে। তারা সহজেই উন্নত মারের গাছের চারা সংগ্রহ করতে পারবেন এবং গাছ লাগানোর প্রতি মানুষের আগ্রহ বৃদ্ধি পাবে।	সভায় বিস্তারিত আলোচনান্তে পরিবেশ রক্ষা বসবাসের সুন্দর পরিবেশ বিনির্মাণে প্রত্যেককে অবশ্যই গাছের প্রতি যত্নবান হতে হবে এবং বেশী করে গাছ লাগাতে হবে।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

  
(আফরোজা বেগম)  
ভাইস চেয়ারম্যান(মহিলা)  
উপজেলা পরিষদ  
কলমাকান্দা, নেত্রকোণা

স্মারক নং- ২৮/০৮/২২


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

২। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

৩। অফিস কপি।

তারিখঃ ২৫.০৪.২০২২।

  
(মোঃ মঞ্জুলুল হাসান)  
উপজেলা বন কর্মকর্তা  
কলমাকান্দা, নেত্রকোণা